



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.১৪.০০৩.১৭- ২০১৫

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

প্রেরকঃ মোহাম্মদ ফজলে আজিম
উপসচিব

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
হিসাব ভবন (৫ম তলা; গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।


বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “সাবেক ছিটমহল এলাকাসমূহ কে বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরের এডিপিতে বরাদ্দের অতিরিক্ত ৩৭৯.০৭ লক্ষ (তিন কোটি উনআশি লক্ষ সাত হাজার) (মূলধন খাতে ৩৭৫.২৭ লক্ষ + রাজস্ব খাতে ৩.৮০ লক্ষ) টাকা অবমুক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “সাবেক ছিটমহল এলাকাসমূহ কে বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরের নিম্নবর্ণিত শর্তানুযায়ী এডিপিতে বরাদ্দের অতিরিক্ত ৩৭৯.০৭ লক্ষ (তিন কোটি উনআশি লক্ষ সাত হাজার) (মূলধন খাতে ৩৭৫.২৭ লক্ষ + রাজস্ব খাতে ৩.৮০ লক্ষ) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং-	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোড নং-১৩৭০৪	“সাবেক ছিটমহল এলাকাসমূহ কে বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন” কোড নং-২২৪০৪০৮০০	অনুমোদিত	৩য় ও ৪র্থ	৩.৮০ লক্ষ	৩৭৫.২৭ লক্ষ	৩৭৯.০৭ লক্ষ (তিন কোটি উনআশি লক্ষ সাত হাজার) টাকা।

শর্তাদি:

- (১) এ ব্যয় চলতি অর্থ বৎসরের (২০২০-২০২১) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ ও কোড নং-১৩৭ প্রকল্প কোড নং-২২৪০৪০৮০০ হিসাবের খাত “৫-১৩৭০৪-২২৪০৪০৮০০-XXXX জনস্বাস্থ্য প্রকৌশল ও পানি সরবরাহ” এবং “সাবেক ছিটমহল এলাকাসমূহ কে বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্প হতে বহন করা হবে;
 - (২) উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুল্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
 - (৩) এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না;
 - (৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
 - (৫) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
 - (৬) অনুমোদিত ডিপিপির প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
 - (৭) প্রকল্পটির অনুকূলে প্রদত্ত বরাদ্দ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অঙ্গসংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে;
 - (৮) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ (যদি থাকে) ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে;
- ০২। অর্থ বিভাগের ২০/০৬/২০১৮ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ নং স্মারক অনুসারে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ ফজলে আজিম
উপসচিব
ফোন: ৯৫১১৬০৩

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.১৪.০০৩.১৭- ২০৬ ৫/২ (৬)

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৪। মহা-ব্যবস্থাপক, সরকারি হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। প্রকল্প পরিচালক, “সাবেক ছিটমহল এলাকাসমূহ কে বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন” প্রকল্প।
- ০৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মোহাম্মদ ফজলে আজিম
উপসচিব